



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৭০৭

তারিখ: ১১/০১/২০২৬ খ্রি.

প্রেস রিলিজ

কুবিতে ৬ শিক্ষার্থীকে ফোবানা স্কলারশিপ প্রদান

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল ৬ জন শিক্ষার্থীকে প্রথমবারের মতো স্কলারশিপ প্রদান করেছে ফেডারেশন অফ বাংলাদেশি অ্যাসোসিয়েশনস ইন নর্থ আমেরিকা (ফোবানা)।

১১ জানুয়ারি (রবিবার) দুপুর ১২:০০ টায় বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়াল ক্লাসরুমে এক অনুষ্ঠানের মাধ্যমে মনোনীত শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক হস্তান্তর করা হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. আবদুল হাকিম, ফোবানার প্রাক্তন চেয়ারম্যান রেহান রেজা ও ফোবানার উপদেষ্টা গোলাম ফারুক ভূঁইয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান। এছাড়াও উপস্থিত ছিলেন ফোবানার বিভিন্ন কর্মকর্তা এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ডিন ও শিক্ষকবৃন্দ।

স্কলারশিপ প্রাপ্ত শিক্ষার্থীরা হলেন, গণিত বিভাগের শিক্ষার্থী তামান্না আক্তার, ইংরেজি বিভাগের অলিউল্লাহ, লোকপ্রশাসন বিভাগের মো. ইহসানুল হক সাকিব, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের মো. ইয়াসিন মিয়া, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগের শিক্ষার্থী মো. আব্দুল্লাহ আল নোমান এবং আইন বিভাগের শিক্ষার্থী মোহাম্মদ হাবিবুল্লাহ।

বিশেষ অতিথি অধ্যাপক ড. মো. আবদুল হাকিম বলেন, 'আজকে তোমরা যারা এখানে স্কলারশিপ পেয়েছ, তোমরা কখনো নিজেদের ছোট ভাবে না। আমি দোয়া করবো, একদিন তোমরাও এমন স্কলারশিপ দিবে। মনে রেখো, জীবনে মানুষের উপকার করতে না পারলেও কখনো অপকার করবে না।'

ফোবানার উপদেষ্টা গোলাম ফারুক ভূঁইয়া বলেন, 'আমরা জিএফবি গ্রুপ মনে করি আমাদের কিছু সামাজিক দায়বদ্ধতা আছে। আমাদের সামাজিক দায়িত্ব থেকেই এই প্রজেক্টগুলো করে থাকি। এটাই আমাদের প্রথম প্রজেক্ট না, জিএফবি গ্রুপের এমন আরো প্রজেক্ট করে থাকে। আমাদের একটি বিশেষ প্রজেক্ট আছে, যেখানে আমরা প্রতি মাসে বিনামূল্যে ৫০ জনের চক্ষু অপারেশন করে থাকি।'

তিনি আরো বলেন, 'আমরা অত্যন্ত আনন্দিত যে কুমিল্লা বিশ্ববিদ্যালয় আমাদের এই আকাঙ্ক্ষার সাথে একাত্মতা পোষণ করে সাহায্যে এগিয়ে এসেছে। এর পাশাপাশি ফোবানা অনেক সুন্দরভাবে সামাজিক কাজগুলো করে যাচ্ছে। আজকে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের প্রতি একটা আবেদন থাকবে, আজকে যেমন তারা ঠিক সহায়তা পেয়েছেন, ভবিষ্যতে যাতে তারাও একইভাবে অসহায় শিক্ষার্থীদের পাশে দাঁড়ায়।'

অনুষ্ঠানের সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান বলেন, 'আমি ফোবানা পরিবারসহ যারা এই আর্থিক সহায়তায় কাজ করেছে তাদের প্রতি অন্তরের অন্ত:স্থল থেকে কৃতজ্ঞতা প্রকাশ করছি। তাদের এই আর্থ- সামাজিক উন্নয়নে কাজ করার যে উদ্যোগ তা যেন সব সময় চলমান থাকে, আমার এ আশ্বান থাকবে। আর আজকে যে শিক্ষার্থীরা স্কলারশিপ পেয়েছে তাদের প্রতি আশ্বান থাকবে, তোমরা আজকে আর্থিক সহযোগিতা গ্রহণ করেছ, পরবর্তীতে তোমরা উদ্যোক্তা, কর্মজীবী ও সফল মানুষ হয়ে দেশকে তার প্রতিদান দিবে।'

উল্লেখ্য, ফোবানা হলো উত্তর আমেরিকার বাংলাদেশি অ্যাসোসিয়েশনগুলোর একটি ফেডারেশন, যা ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত হয়।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।